

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১১০. নামাযের মধ্যে ধীরস্থিরভাবে রুকৃ', সিজ্পাহ্ বা অন্যান্য রুকন আদায় না করা

নামাযের মধ্যে ধীরস্থিরভাবে রুকৃ', সিজ্দাহ্ বা অন্যান্য রুকন আদায় না করা আরেকটি কবীরা গুনাহ্ ও হারাম। আবূ আব্দুল্লাহ্ আশ্'আরী (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম নামায শেষে কিছু সংখ্যক সাহাবাদেরকে নিয়ে মসজিদেই বসেছিলেন এমতাবস্থায় জনৈক ব্যক্তি মসজিদে ঢুকে নামায পড়তে শুরু করলো। সে রুকৃ ও সিজ্দাহ্ ঠিকভাবে করছিলো না। তখন তিনি সাহাবাদেরকে উদ্দেশ্য করে বলেন:

أُتَرَوْنَ هَذَا ؟ مَنْ مَاتَ عَلَى هَذَا مَاتَ عَلَى غَيْرِ مِلَّةِ مُحَمَّدِ، يَنْقُرُ صَلَاتَهُ كَمَا يَنْقُرُ الْغُرَابُ الدَّمَ.

"তোমরা একে দেখতে পাচ্ছো। কোন ব্যক্তি এভাবে নামায পড়তে পড়তে মৃত্যু বরণ করলে ইসলামের উপর তার মৃত্যু হবে না। সে নামায পড়ছে যেন কোন কাক রক্তের উপর ঠোকর মারছে"।

(ইব্দু খুযাইমাহ্ ১/৩৩২)

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন:

لَا تُجْزِئُ صَلَاةٌ لَا يُقِيْمُ الرَّجُلُ فِيْهَا صَلْبَهُ فِيْ الرُّكُوْعِ وَالسُّجُوْدِ.

"ওই ব্যক্তির নামায হবে না যে রুকৃ' ও সিজ্দায় নিজ পিঠকে সোজা রাখে না"। (ইন্দু খুযাইমাহ্ ১/৩৩২) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন:

أَسْوَأُ النَّاسِ سَرِقَةً الَّذِيْ يَسْرِقُ مِنْ صَلَاتِهِ، قَالُوْا : يَا رَسُوْلَ اللهِ! وَكَيْفَ يَسْرِقُ مِنْ صَلَاتِهِ ؟ قَالَ: لَا يُتِمُّ رُكُوْعَهَا وَلَا سُحُوْدَهَا.

"সর্ব নিকৃষ্ট চোর সে ব্যক্তি যে নামায চুরি করে। সাহাবারা বললেন: হে আল্লাহ্'র রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! সে আবার নামায চুরি করে কিভাবে? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: সে রুকৃ' ও সিজ্পাহ্ সঠিকভাবে আদায় করে না"। (স'হীহুল জা'মি', হাদীস ৯৯৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6786

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন